



পাট চাষিদের জন্য কৃষি-উপদেশ (৮ - ১৪ এপ্রিল, ২০২০)

- এই সপ্তাহে, সর্বোচ্চ তাপমাত্রা ৩৩-৩৭ ডিগ্রি সেণ্টিগ্রেড এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪-২৭ ডিগ্রি সেণ্টিগ্রেডের কাছাকাছি থাকবে বলে বলা হয়েছে। এসময়ে বৃষ্টির পূর্বভাস প্রায় নেই বললেই চলে।
- যারা এখনো পাট লাগাচ্ছেন, তারা এই সংস্থার দেওয়া ৩১ মার্চ-এ এপ্রিল, ২০২০ সপ্তাহের কৃষি পরামর্শ মেনে চলুন।
- যে সব চাষিরা ইতোমধ্যেই পাটবীজ লাগিয়েছেন, তারা পাট লাগানোর (সেচ সহ) ৫-৮ দিন পরে, ক্রিঙ্গাফ নেল উইডার ব্যবহার করুন, এর ফলে সব ধরনের আগাছা নিয়ন্ত্রণ হবে এবং মাটিতে রস (জল) সংরক্ষিত হবে।
- যারা ছিটিয়ে পাটবীজ লাগিয়েছেন, তারা পাটবীজ বোনার ৪-৭ দিন পরে, জমিতে ১০ সেন্টিমিটার পর পর ফাঁক রেখে ক্রিঙ্গাফ নেল উইডার চালিয়ে পাটের সারি বা লাইন তৈরী করতে পারেন।
- পাট বোনার বা লাগানোর ৮-১০ দিন পরে, ঘাস জাতীয় আগাছা দমনের জন্য কুইজালোফপ ইথাইল ১ মিলিলিটার প্রতি লিটার জলে মিশিয়ে জমিতে স্প্রে করতে পারেন। আর পাট বোনার ১৫ দিন পরে - দেড় মিলিলিটার প্রতি লিটার জলে এই আগাছানাশক মিশিয়ে স্প্রে করতে পারেন।
- এখন পাট চাষিদের বিশেষভাবে জমির দিকে নজর দিতে হবে; কারণ, এই সময় ইভিগো ক্যাটারপিলার নামে এক ধরনের পোকা পাটের চারা গোড়া থেকে কেটে দিতে পারে। এই পোকার উপদ্রব জলসেচের পরে বা বৃষ্টির পর পর বেশি লক্ষ্য করা যায়। এরা পাটের জমিতে ছোটো ছোটো মাটির ঢেলার নিচে লুকিয়ে থাকে। এদের নিয়ন্ত্রণ করার জন্য ক্লোরপাইরিফস (২০ ইসি) ২ মিলিলিটার প্রতি লিটার জলে মিশিয়ে সম্ভ্যার দিকে স্প্রে করতে হবে। যদি পোকার উপদ্রব তার পরেও থাকে, তবে প্রথম স্প্রে করার ৮-১০ দিন পরে একই মাত্রায় দ্বিতীয় বার স্প্রে করতে হবে।